| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র | শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন | শেখ হাসিনার দর্শন<br>সব মানুষের উন্নয়ন |
|---|---|---|

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২০- ৮২৮ তারিখঃ ২৬.০৯.২০২২ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি: রোজ বৃহস্পতিবার বেলা ১২.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। বিভাগীয় আলোচনা।
০৩। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৪। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৫। হাটবাজার বিষয়ে আলোচনা।
০৬। বিবিধ আলোচনা।

২৬/০৯/২০২২
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২০- ৮২৮ তারিখঃ ২৬.০৯.২০২২ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

২৬/০৯/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর সেপ্টেম্বর ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ঃ ২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি. সময়ঃ বেলা ১২.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

উপজেলা পরিষদ সভার সভাপতি চেয়ারম্যানবৃন্দ ও সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি প্রথম কিস্তিতে ২০ লক্ষ ৩০ হাজার টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে যা পরবর্তী তিন কিস্তিতে সমান হারে বরাদ্দ পাওয়া যাবে বলে আশা ব্যক্ত করেন। তিনি আরও বলেন নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলা বন্যা কবলিত এলাকা বিধায় দ্রুত কাজ বাস্তবায়নের স্বার্থে one year plan ও অন্যান্য কার্যাক্রম অগ্রায়নের জন্য ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দদের নিকট হতে স্কীম গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইড) চেয়ারম্যান ইউপি (সকল) |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-২ মৌসুমে ২০৪০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। নিবিড় তত্ত্বধানের দরুণ মাঠে বালাই পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটনিং কার্যাক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিফ-২ মৌসুমে ব্রিধান ৭৯, ব্রিধান ৮০, ব্রিধান ৮৭, ব্রিধান ৭৫, বিনা ধান ১১, বিনা ধান ১৭ আমন হাইব্রিড ধান এ্যারাইজ ৭০০৬ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। বিভিন্ন প্রকল্পের আওতায় খরিফ ২ মৌসুমের প্রদর্শনীর উপকরণ বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য কিয়াক সেন্টার এবং প্রকল্পের সিআইজি সমিতি কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>০৩.কৃষি প্রণোদনা কার্যাক্রম: ২০২২-২৩ অর্থবছরে খরিফ-২ কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাসকলাই বীজ ও সার বিতরণ করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, মৎস্য শিকারে কারেন্ট জাল নিষিদ্ধ। কারেন্ট জালের মত মিহি ও হালকা নতুন এক ধরনের জালের ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এটি কারেন্ট জালের চেয়েও ভয়ংকর। এ জালের নাম চায়না দুয়ারি, অনেকে ম্যাজিক জাল হিসেবে চিনে। জালটি কারেন্ট জালের চেয়ে সূক্ষ ও বিশেষভাবে তৈরী হওয়ায় বড় মাছসহ মাছের পোনা এর ভেতরে আটকে যায়। এমনকি মাছের ডিমও জালে আটকে পরে। ফলে এই জালে অসংখ্য মাছের পোনাসহ সব ধরনের জলজ প্রাণি ধ্বংস হচ্ছে। এতে মাছের বংশ বিস্তার মারাত্মক হুমকিতে পড়ছে।<br>বাংলাদেশ মৎস্য আইনে এ জাল নিষিদ্ধ। আমরা এ জাল ব্যবহার বন্ধে নিয়মিত অভিযান চালাচ্ছি। সামনে আরো অভিযান পরিচালনা করতে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪. | উপজেলা | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ৫-১১ বছর | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার | উপজেলা |

<table>
<tr><td></td><td>স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা</td><td>বয়সীদের টিকার কাজ শুরু হবে। ৩ তারিখ পর্যন্ত ১ম ডোজ চলবে। পরবর্তীতে সরকারি নির্দেশনা অনুযায়ী টিকার কাজ বন্ধ থাকবে। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>জন্য অনুরোধ করা হলো।</td><td>স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৩৪,০৪১ তার মধ্যে পুরুষ- ১,৭৩,৮০৯ এবং মহিলা- ১,৬৬,৬০২ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,৯৯৭। খাবার বড়ি গ্রহণকারী ২৭০৩০ হার ৪৫.২০%। ইনজেকটেবলস গ্রহণকারী ৬২৭৬ হার ১০.৪৯%। কনডম গ্রহণকারী ২০৫১ হার ৩.৪২%। আই ইউ ডি গ্রহণকারী ১৫৮১ হার ২.৬৪%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩,৫৮৫ হার ৫.৯৯%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২৩৪১ জন হার ৩.৯১%। মহিলা ৪৪৭২ জন হার ৭.৪৭%। সর্বমোট গ্রহণকারী ৪৭,৩৩৬ জন হার ৭৯.১৬%।<br>উপজেলা পরিবার পরিকল্পনা ভবনটি পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় ছাদ দিয়ে পানি পড়ে এবং যেকোন মুহূর্তে ধ্বসে পড়তে পাড়ে, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এ জন্য উপজেলা পরিষদের অনুমোদনসহ রেজুলেশন যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা আবশ্যক। দৈর্ঘ্য ৭০ ফিট ও প্রস্থ ৪০ ফিট = ২৮০০ স্কয়ার ফিট জায়গা নির্ধারণ করে, পুরাতন ভবনের জায়গায় ভবনটি নতুন করে নির্মাণের অনুমোদন দানে সকলকে অনুরোধ করেন।</td><td>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা শিক্ষা অফিস</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। এসএমসি গঠন সংক্রান্ত: উপজেলার প্রায় সকল বিদ্যালয়ের এস এম সি এর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বর্তমানে এডহক কমিটি দ্বারা কাজ চলছে। জরুরী ভিত্তিতে এসএমসি গঠনের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। নীতিমালা অনুযায়ী এস এম সি গঠনের জন্য সকল প্রধান শিক্ষককে পত্র দ্বারা নির্দেশ প্রদান করা হয়েছে।<br>২।জেলা পর্যায়ের বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ প্রতিযোগিতা জেলা পর্যায়ের টুর্নামেন্টে এ উপজেলার চিরাং সরকারি প্রাথমিক বিদ্যালয় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ১ম রাউন্ডে ১ গোলে বিজয়ী হয় এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক টুর্নামেন্ট এ নুরেছা দুখিয়ারগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয় বারহাট্টা উপজেলার সাথে সেমিফাইনালে বিজয়ী হয়ে আগামী ৩০-০৯-২০২২ তারিখে মোহনগঞ্জ উপজেলার সাথে ফাইনাল খেলায় অংশগ্রহণ করবে।<br>০৩.উন্নয়নমূলক কাজ।<br><table><tr><th>ক্র:নং</th><th>কাজের বিবরণ</th><th>বিদ্যালয়ের সংখ্যা</th><th>টাকার পরিমান</th><th>মন্তব্য</th></tr><tr><td>০১</td><td>স্লিপ</td><td>১৮২</td><td>১,০৬,৪০,০০০/-</td><td></td></tr><tr><td>০২</td><td>মাইনর মেরামত</td><td>২২</td><td>৪৪,০০,০০০/-</td><td></td></tr><tr><td>০৩</td><td>রুটিন মেইনটেনেন্স</td><td>১১৩</td><td>৪৫,২০,০০০/-</td><td></td></tr><tr><td>০৪</td><td>ওয়াশ ব্লক রুটিন মেইনটেনেন্স</td><td>৫৪</td><td>১০,৮০,০০০/-</td><td></td></tr></table>বিগত ২০২১-২২ অর্থ বছরে উল্লেখিত উন্নয়ন কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং বিদ্যালয়ে সরেজমিনে উন্নয়নমূলক কাজ যাচাই কার্যাক্রম চলমান।<br>৪। সমস্যা: প্রায় এক হাজার শিক্ষকের (অধিকাংশই মহিলা শিক্ষক) বিভিন্ন কাজে উপজেলা শিক্ষা অফিসে যাতায়াত রয়েছে কিন্তু তাদের ব্যবহারের জন্য কোন ওয়াশরুম নেই। বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকলের সুদৃষ্টি কামনা করেন।</td><td>দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের গভীর নলকূপের বরাদ্দ পূর্বক উপজেলা চেয়ারম্যান স্যারের কাছে পৌছানো হয়েছে। নতুন ইউএনও স্যার জয়েন করলে উপজেলা ওয়াটসন কমিটির মিটিং করে প্রতি ইউনিয়ন থেকে তালিকা সংগ্রহ করা হবে। তিনি আরও বলেন যে উপজেলা ওয়াটসন কমিটির সভা আহ্বান করা হয়েছে। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>দ্রুত কাজ সম্পন্ন করার ব্যবস্থা নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া, ও চেয়ারম্যান সকল ইউপি</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে. ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কর্মীরা সুবিধা মতো কাজ করতে সকলের সহযোগিতা চান। দপ্তরের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা মহিলা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি কর্মসূচী- সেপ্টেম্বর ২০২২ মাস পর্যন্ত কেন্দুয়া উপজেলার ইউপি চেয়ারম্যানদের</td><td>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা মহিলা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | বিষয়ক কর্মকর্তা | বরাবর ভিজিডি উপকারভোগীদের খাদ্যের ডিও জ্বারী করা হয়েছে। মাতৃত্বভাতা-দরিদ্র মার জন্য মাতৃত্বকালীর ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতা ভোগীদের ভাতা প্রদান কাজ চলমান আছে! এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | বিষয়ক কর্মকর্তা |
| ১০. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২২ খ্রি: মাসে ঋণ আদায় ৫.৫০ লক্ষ টাকা ও বিতরণ ১০.০০ লক্ষ টাকা। অত্র উপজেলায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য প্রকল্পের বিপুল অংকের ঋণ খেলাপি হয়ে মাঠে পড়ে রয়েছে। তাই ঋণগুলো আদায়ের জন্য প্রত্যেক ইউপি চেয়ারম্যানদের কাছে সহযোগিতা চান। তিনি আরও বলেন যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের অফিস কক্ষের অবস্থা খুবই নাজুক বিধায় সভায় মেরামত করার বিষয়ে প্রস্তাব করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১১. | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেন্দুয়া, সভায় জানান যে কেন্দুয়া উপজেলা খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১৩টি ইউনিয়নের সর্বমোট ভোক্তার কার্ড সংখ্যা ৮৭১৮টি। উল্লেখিত কার্ড এর মধ্যে থেকে এপস এর মাধ্যমে যাচাইকৃত ভোক্তার সংখ্যা ৫৯২৮ জন। যাচাইকৃত ভোক্তার সংখ্যা থেকে ভিজিডি আওতায় ভোক্তার সংখ্যা ২২৭ জন বাদ যাবে। অবশিষ্ট ভোক্তার সংখ্যা ৩০১৭ জন। অনলাইন এপস এর কাজ আগামী মাসের ১৭ তারিখ পর্যন্ত চলমান থাকবে। অবশিষ্ট ভোক্তাদের তালিকা পরবর্তী সময়ে জানানো হবে। অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেন্দুয়া |
| ১২. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, নিবন্ধিত সমবায় সমিতি সমুহের অডিট নির্বাচন, এজিএম সহ সকল প্রকার সাংগঠনিক কার্যাক্রম তদারকী ও পরিচর্যা ধারাবাহিকভাবে সম্পাদিত হচ্ছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের ঋণ কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে। বটতলা আশ্রয়ন প্রকল্পের সদস্য তালিকা অত্র দপ্তরে না থাকায় সমিতিটি নিবন্ধন করা যাচ্ছে না। এর ফলে আশ্রয়নবাসী ঋনসহ সমিতির মাধ্যমে প্রাপ্য অন্যান্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে কার্যাকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করা হয়। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩. | উপজেলা ফায়ার সার্ভিস | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস অফিস সভায় জানান যে, অফিসের কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোন সমস্যা নেই বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, কেন্দুয়া |
| ১৪. | চেয়ারম্যান বলাইশিমুল ইউপি | চেয়ারম্যান, বলাইশিমুল ইউপি সভায় বলেন যে, সমাজসেবা অফিসে বয়স্ক, বিধবা ভাতার টাকা যে নাম্বার দেওয়া হয় সেটির পরিবর্তে অন্য নাম্বার দিয়ে তারা টাকা দিয়ে যাচ্ছে। কবিচন্দ্রপুর গ্রামে একজন শিক্ষক আছে সে নিয়মিত স্কুলে যায় নি। এ বিষয়ে সভায় ব্যবস্থা নেওয়ার জন্য প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১৫. | চেয়ারম্যান গড়াডোবা ইউপি | চেয়ারম্যান গড়াডোবা ইউপি সভায় জানান যে, আমাদের সার ডিলার রা যে মূল্যে সার বিক্রি করার কথা সে মুল্যে সার বিক্রি করছে না। সারের দাম বেশি রাখাতে কৃষকদের ভোগান্তি পোহাতে হচ্ছে। সঠিক মূল্যে সার বিক্রির জন্য প্রস্তাব রাখেন। তিনি আরও বলেন যে, জুলাই মাস থেকে বয়স্ক, বিধবা ভাতাভোগী যারা আছে তারা ভাতা পাবে কি না সে বিষয়টি জানানোর জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা কৃষি অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৬. | চেয়ারম্যান মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় জানান যে, মাসকা বাজার কেন্দুয়া উপজেলার জন্য সর্বোচ্চ বাজার। বিভিন্ন সময়ে বৃষ্টির কারনে পানি জমে যায়। ড্রেনের কোন ব্যবস্থা নেই। রাস্তার পানি যাওয়ার জন্য ড্রেনের ব্যবস্থা করা এবং বাজারে মাটি ভরাটের জন্য অনুরোধ করেন। সেনের বাজারেও হালকা বৃষ্টি হলেই পানি জমে যায়। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, |
| ১৭. | চেয়ারম্যান চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, ১৪২৭ বাংলা সনের চিরাং বাজারের বাজার উন্নয়ন খাতের অর্থে প্রকল্প দাখিল করার জন্য সভায় প্রস্তাব করেন। | প্রকল্পগুলো পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় জানান যে, বন্যাজনিত কারণে কৃষকদের আশ্রয়নের জন্য একটি গোল ঘর দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া প্রাথমিক শিক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করার আহ্বান করেন। বটতলা আশ্রয়নে ৭০ টি পরিবার বসবাস করে। সেখানে ৪৩টি পরিবার বরাদ্দ পাচ্ছে। বাকীরা বরাদ্দ পাচ্ছে না। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| বিবিধ-১ | বিবিধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার সভায় নিম্ন বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। উপজেলা পরিষদের ডুপ্লিকেটিং মেশিন সার্ভিসিং ও আনুষাঙ্গিক মালামাল ক্রয় বাবদ চেক নং-৬৭৪৬৪২৩ মূলে ৮৮৭৪/- টাকা জনাব বাবুল মিয়া ডু:মে: অপারেটরকে প্রদান ২। উপজেলা পরিষদের হলরুমের বাথরুম ও নাস্তা রুমের ছোটখাট মেরামত কাজের বিল বাবদ ৯৮৪৫/- টাকা জনাব মো: মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ককে প্রদান | উক্ত খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রক্ষনাবেক্ষন খাত হতে ব্যয়নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৯/22
(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২-৮৩৬
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মাননীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৯/৯/22
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২২- ৮৩৬
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২৯/৯/22
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা